

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়  
পাবনা সদর, পাবনা।

স্মারক নং : ৬৬৬

তারিখঃ ১২/০৩/২০২৩ খ্রিঃ

বিজ্ঞপ্তি

এতদ্বারা জানানো যাচ্ছে যে, খাদ্যবান্ধব ডিলার জনাব মোঃ মাহাতাব আলী নাওদ্বারা, দ্বীপচর বাজার, দোগাছী ইউনিয়ন। তিনি দীর্ঘদিন বিদেশে অবস্থান করায় তদস্থলে একজন নতুন ডিলার নিয়োগের সিদ্ধান্ত গৃহীত হয়। পরিপ্রেক্ষিতে খাদ্যবান্ধব ডিলার হতে ইচ্ছুক প্রার্থীদের নিম্নোক্ত শর্ত অনুসরণ পূর্বক আগামী ২৩/৩/২০২৩ খ্রি. তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে আবেদন জমা দেওয়ার জন্য অনুরোধ করা হলো।

ক্রমিক নং	ইউনিয়নের নাম	চাউল বিক্রয়ের জন্য নির্দিষ্ট স্থানের নাম
১।	দোগাছী	নাওদ্বারা দ্বীপচর বাজার, পাবনা সদর, পাবনা

আবেদনকারীকে আবেদন পত্রের সহিত নিম্নলিখিত কাগজ পত্র অবশ্যই দাখিল করতে হবে।

- ১। আবেদনকারীর আবেদন নিজ স্বাক্ষরিত হতে হবে।
- ২। ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি।
- ৩। ট্রেড লাইসেন্স।
- ৪। ভোটার আইডি কার্ডের ফটোকপি।
- ৫। ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট।
- ৬। নিজস্ব/ভাড়াই দোকান থাকতে হবে। (বি.দ্র:ডিলার হিসাবে সুপারিশের পর দোকানের কাগজপত্র জমা দিলে চলবে)
- ৭। নাগরিক সনদ পত্র থাকতে হবে।

ডিলার নিয়োগে নিম্নোক্ত প্রক্রিয়া অনুসরণ করা হবে।

- ১। আবেদনকারীর দোকান কমপক্ষে -১৫ (পনের) মেঃ টন খাদ্য শস্য সংরক্ষণের সু-ব্যবস্থা থাকতে হবে এবং গুদাম ঘরের মেঝে পাকা হতে হবে।
- ২। আবেদনকারীকে আর্থিকভাবে স্বচ্ছল ও খাদ্য শস্য হিসাব সংরক্ষণে সক্ষম হতে হবে।
- ৩। একই ব্যক্তি খাদ্য বিভাগের একাধিক কর্মসূচির ডিলার হতে পারবেন না।
- ৪। খাদ্য বিভাগ কর্তৃক কাণ্ডা তালিকাভুক্ত, বাতিলকৃত, সাময়িকভাবে বরখাস্তকৃত, কিংবা আদালত কর্তৃক শাস্তিপ্রাপ্ত কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানকে ডিলার নিয়োগ করা হবে না।
- ৫। কোন সরকারি কর্মচারি কিংবা জনপ্রতিনিধি ডিলার হতে পারবেন না।
- ৬। উপজেলা কমিটির অনুমোদনক্রমে কমিটির সদস্য-সচিব নির্বাচিত ডিলার নিয়োগ করবেন।
- ৭। নির্বাচিত ডিলারের নিকট থেকে ২০,০০০ (বিশ হাজার) টাকা পে অর্ডার আকারে ফেরতযোগ্য জামানত গ্রহণ করা হবে এবং ডিলারের নিকট হতে নির্ধারিত শর্তাবলী সংবলিত ৩০০/-টাকার (পরিবর্তনযোগ্য) নন জুডিশিয়াল স্ট্যাম্প অঙ্গীকারনামা নেওয়া হবে।
- ৮। আবেদন পত্র জমা দেওয়ার শেষ তারিখ ২৩/০৩/২০২৩ খ্রিঃ তারিখ বিকাল ৫.০০ ঘটিকা অফিস চলাকালীন সময় পর্যন্ত।

স্বাঃ  
(মো: রেজাউল ইসলাম)  
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক  
পাবনা সদর, পাবনা

অনুলিপি: সদয় অবগতি /অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।

- ১। মাননীয় সংসদ সদস্য, পাবনা-০৫।
- ২। জেলা প্রশাসক, পাবনা।
- ৩। জেলা খাদ্য নিয়ন্ত্রক, পাবনা।
- ৪। উপজেলা চেয়ারম্যান, পাবনা সদর, পাবনা।
- ৫। উপজেলা নির্বাহী অফিসার, পাবনা সদর, পাবনা।
- ৬। সভাপতি/সেক্রেটারি, জাতীয় প্রেসক্লাব।
- ৭। ওয়েবপোর্টাল ইউসিএফ অফিস পাবনা সদর, পাবনা।
- ৮। নোটিশবোর্ড।
- ৯। অফিস কপি।

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক  
পাবনা সদর, পাবনা